



# জেমস্ ওয়েব স্পেস টেলিস্কোপ বাংলা

এটি হবে সারা পৃথিবীর জ্যোতির্বিজ্ঞানীদের জন্য সবচেয়ে অগ্রসর মহাকাশ-মানমন্দির যা হাবল স্পেস টেলিস্কোপের রোমাঞ্চকর সব আবিষ্কারসমূহকে আরো এগিয়ে নিয়ে যাবে।

নাসা, ইউরোপিয়ান স্পেস এজেন্সি, এবং ক্যানাডিয়ান স্পেস এজেন্সির আন্তর্জাতিক একটি দল এই নতুন মানমন্দির বানিয়েছেন।

এটি হবে মহাকাশে পাঠানো সবচেয়ে বড় মানমন্দির, যা হাবল স্পেস টেলিস্কোপের থেকে ১০০ গুণ বেশি ক্ষমতাসম্পন্ন।

এটি আকারে এতই বড় যে, মহাকাশে পাঠানোর জন্য একে ভাঁজ করে ছোট বানিয়ে রকেটে ভরতে হবে। মহাকাশে গিয়ে সেই ভাঁজ পাটে পাটে খুলবে।

পাঁচ স্তরের পর্দা এই মানমন্দিরকে সূর্য, পৃথিবী, এবং চাঁদের অবলোহিত বিকরণ থেকে ছায়াবৃত করবে; এ যেন সূর্য থেকে ১০ লাখ SPF-এর সুরক্ষা!

নজীরবিহীন অবলোহিত (আলোক) সংবেদীতাসম্পন্ন এই টেলিস্কোপ ১.৩৫ হাজার কোটি বছর আগের আলো দেখতে পাবে যা আসবে মহাবিস্ফোরণের পরে সৃষ্টি হওয়া প্রথম ছায়াপথ থেকে।

এটি সূর্য কে প্রদক্ষিণ করবে পৃথিবীর থেকে ১৫ লাখ কিলোমিটার দূরে। (হাবল পৃথিবীকে প্রদক্ষিণ করে ৫৬০ কিলোমিটার দূরে।)